The University of the State of New York

REGENTS HIGH SCHOOL EXAMINATION

**BENGALI EDITION**
**U.S. HISTORY AND GOVERNMENT (FRAMEWORK)**
**THURSDAY, JUNE 1, 2023**
**9:15 A.M. TO 12:15 P.M. ONLY**

# মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস এবং সরকার (ফ্রেমওয়ার্ক)

**বৃহস্পতিবার,** 1 জুন 2023 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ________________________________________________

স্কুলের নাম ________________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। অংশ I এর জন্য একটি পৃথক উত্তরপত্র আপনাকে প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। আপনাকে এই পরীক্ষার প্রত্যেকটি অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II, III A, এবং III B-র উত্তর লেখার জন্য কালো বা গাঢ় নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহু-নির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** এ দু'টি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্ন আছে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 3 থেকে শুরু করে।

**অংশ III** বেশ কয়েকটি নথির উপর ভিত্তি করা:

**অংশ III A**-তে নথিগুলি আছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন।

প্রতিটি নথির পরে একটি করে প্রশ্ন আছে। এই পরীক্ষার পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III B**-তে একটি রচনা ধরনের প্রশ্ন থাকে যা নথিগুলির উপর ভিত্তি করে করা হয়। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 7 থেকে শুরু করে।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই উত্তরপত্রের শেষে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

## এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 ও 2 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . ছোট দ্বীপগুলি নিজেদের সুরক্ষিত রাখতে সক্ষম নয় এবং রাজ্যগুলির পরিচর্যায় আসার সঠিক লক্ষ্য; কিন্তু একটি মহাদেশ চিরকাল একটি দ্বীপ দ্বারা শাসিত হবে, এটা মনে করার মধ্যে অত্যন্ত অদ্ভুত কিছু রয়েছে। এমন কোনো দৃষ্টান্ত নেই যেখানে প্রকৃতি মূল গ্রহের থেকে উপগ্রহকে বড় করেছে, এবং ইংল্যান্ড এবং আমেরিকা যখন পরস্পরের সাপেক্ষে প্রকৃতির সাধারণ ক্রমানুসারের বিপরীত করে, তখন এটা স্পষ্ট বোঝা যায় যে তারা ভিন্ন ব্যবস্থার অন্তর্ভুক্ত: ইংল্যান্ড ইউরোপের অন্তর্ভুক্ত, আমেরিকা নিজের। . . .

উৎস: Thomas Paine, *Common Sense,* 1776

1 *কমন সেন্স* (*Common Sense*) থেকে উদ্ধৃত এই অনুচ্ছেদটি অনুযায়ী, লেখক

(1) আমেরিকাবাসীদের ইংরেজ ঔপনিবেশিক হয়ে থাকতে উৎসাহিত করার চেষ্টা করছেন

(2) কলোনিগুলিকে ইংল্যান্ডের বিরুদ্ধে একটি ইউরোপীয় সংঘে যোগদান করার পরামর্শ দিচ্ছেন

(3) কলোনিগুলি সংঘের অনুচ্ছেদগুলি পুনর্বিবেচনা করুন, এই পরামর্শ দিচ্ছেন

(4) আমেরিকানদের তাদের মূল দেশ থেকে স্বাধীন হওয়ার পরামর্শ দিচ্ছেন

2 এই বক্তব্যটি প্রতিষ্ঠা করার জন্য টমাস পেইন (Thomas Paine) কোন মূল যুক্তি ব্যবহার করেছেন এই অনুচ্ছেদে?

(1) আমেরিকার কলোনিগুলি এবং ইংল্যান্ডের মধ্যে কোনো অর্থনৈতিক সম্পর্ক নেই।

(2) ইংল্যান্ড কার্যকরভাবে কলোনিগুলিকে শাসন করতে পারে না কারণ আমেরিকা অনেক বেশি বড়।

(3) আমেরিকার কলোনিগুলি ইতোমধ্যেই ফ্রান্সের সাথে মিত্রতা স্থাপন করেছে এবং তাদের ইংল্যান্ডকে প্রয়োজন নেই।

(4) ইংল্যান্ড ঔপনিবেশিকদের কোনো ধরনের স্বায়ত্ত শাসন প্রদান করতে অস্বীকার করেছে।

3 ও 4 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . বিপরীত এবং বিরোধী আগ্রহের দ্বারা আরো ভালো উদ্দেশ্যের ক্ষেত্রে খুঁত সরবরাহের নীতি, হয়ত মানুষের বিষয়গুলির সম্পূর্ণ ব্যবস্থা জুড়ে খুঁজে বের করা যেতে পারে, বেসরকারি এবং সরকারি, অভয় ক্ষেত্রেই। আমরা ক্ষমতার সকল অধস্তন [কম] বিতরণগুলিতে বিশেষ করে এটি প্রদর্শিত হতে দেখি, যেখানে অবিরত লক্ষ্য হল বেশ কয়েকটি অফিস এমনভাবে ভাগ করা এবং বন্দোবস্ত করা যাতে প্রতিটি অন্যের উপর নজরদারী করতে পারে—প্রতিটি ব্যক্তির ব্যক্তিগত স্বার্থ যাতে গণ অধিকারগুলির ক্ষেত্রে প্রহরা [পাহারা] দিতে পারে। জ্ঞানের এই আবিষ্কারগুলি রাজ্যের চূড়ান্ত ক্ষমতা বিতরণের ক্ষেত্রে কম প্রয়োজনীয় [অপরিহার্য] নয়। . . .

উৎস: James Madison, *Federalist No. 51,* 1788

3 এটি এবং অন্যান্য *ফেডারালিস্ট কাগজপত্র* (*Federalist Papers*) লেখার জন্য জেমস ম্যাডিসনের (James Madison) মূল কারণ কী ছিল?

(1) সংবিধানের আনুষ্ঠানিক স্বীকৃতিকে সমর্থন করা
(2) একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক তৈরি করার ক্ষেত্রে সমর্থন করা
(3) ইউরোপের সাথে ক্রমবর্ধমান সম্পর্ককে উৎসাহিত করা
(4) রাজনৈতিক দলের গঠন উৎসাহিত করতে

4 এই অনুচ্ছেদে কোন সাংবিধানিক নীতি ম্যাডিসন (Madison) সবচেয়ে সরাসরি বর্ণনা করেছেন?

(1) বিচারবিভাগীয় পর্যালোচনার ক্ষমতাকে সংরক্ষণ করা
(2) সরকারের শাখাগুলির মধ্যে ক্ষমতার বিভাজন
(3) আইনের রাজত্বকে সমর্থন করা
(4) এক শক্তিশালী সামরিক বাহিনীর সৃষ্টি

---

5 ও 6 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . যখন ব্রিটিশ এবং ফরাসিরা উভয়ই আমেরিকান জলযান আটক করছিল যেই সেগুলি অন্যের বন্দরে নোঙ্গর করছিল, জেফারসন তার একটি পছন্দের নীতি পরীক্ষা করার সিদ্ধান্ত নিলেন—যে যুদ্ধ অসহ্য এবং অপ্রয়োজনীয়, উভয়ই, এবং উভয় শক্তির বিরুদ্ধে সেরা অস্ত্র হল অর্থনৈতিক নিষেধাজ্ঞা। তিনি কংগ্রেসকে দিয়ে পাঁচটি ধারাবাহিক এম্বার্গো অ্যাক্ট পাশ করান, মার্কিন যুক্তরাষ্ট্রকে কঠোরভাবে ব্রিটেন এবং ফ্রান্সের সাথে বাণিজ্য করা নিষিদ্ধ করে শুধু সমুদ্র পথেই নয়, এমন কি ক্যানাডার বর্ডার দিয়েও। . . .

উৎস: Max Lerner, *Wounded Titans: American Presidents and the Perils of Power,* Arcade Publishing, 1996

5 এই অনুচ্ছেদ অনুযায়ী, এম্বার্গো আক্টসের (Embargo Acts) প্রস্তাব দেওয়ার মূল উদ্দেশ্য কী ছিল টমাস জেফারসনের (Thomas Jefferson)?

(1) রাজস্ব বৃদ্ধি করা
(2) কৃতদাস নিয়ে বাণিজ্য সীমিত করা
(3) যুদ্ধ প্রতিরোধ করা
(4) বাণিজ্য বৃদ্ধি করা

6 এম্বার্গো অ্যাক্টসের (Embargo Acts) ব্যার্থতার একটি ফলাফল কী ছিল?

(1) লুইজিয়ানা ক্রয় (Louisiana Purchase)
(2) 1812 সালের যুদ্ধ
(3) মিসৌরি কম্প্রোমাইজ (Missouri Compromise)
(4) *গিবনস* বনাম *ওগডেন* (*Gibbons* v. *Ogden*) সিদ্ধান্ত

---


[পাতা ওল্টান]

7 ও 8 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . রিপাবলিকান প্রশাসনের দায়িত্ব পাওয়ার [ক্ষমতায় উত্থান] দ্বারা তাদের সম্পত্তি এবং শান্তি ও ব্যক্তিগত নিরাপত্তা বিপন্ন হতে পারে বলে দক্ষিণের রাজ্যগুলির জনগণের মধ্যে আশংকা কাজ করছে। এমন আশঙ্কার কোনো যুক্তিসঙ্গত কারণ কখনই ছিল না। প্রকৃতপক্ষে, বরং এর বিপরীত দিকটির উদাহারণই সব সময় উপস্থিত এবং তাদের পরীক্ষার জন্য তৈরি অবস্থায় ছিল। এখন আপনাদের সামনে যিনি বক্তব্য রাখবেন তার প্রায় সকল প্রকাশিত বক্তৃতাতেই এটি পাওয়া গেছে। এই বক্তৃতাসমূহের একটি থেকেই উদ্ধৃতি দিয়ে আমি বলতে চাই যে—
>
> যুক্তরাষ্ট্রের যে সব জায়গায় দাসপ্রথা প্রচলিত আছে সেখানে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হস্তক্ষেপ করার কোনো ইচ্ছা আমার নেই। আমি বিশ্বাস করি যে আমার এমন কোনো আইনানুগ অধিকার নেই, এবং এমনটি আমি করতেও চাই না। . . .

উৎস: First Inaugural Address of Abraham Lincoln, March 4, 1861

7 এই বক্তৃতায় প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কনের (Abraham Lincoln) এই উক্তিগুলি অন্তর্ভুক্ত করার একটি কারণ কী ছিল?

(1) দাস ব্যবহারকারী স্টেটগুলির ভয় প্রশমিত করা
(2) বিদেশী কৃতদাস বাণিজ্য পুনর্বহাল করা
(3) উত্তরাঞ্চলীয় অ্যাবলিশনিস্টদের সমর্থন বৃদ্ধি করা
(4) পশ্চিমে কৃতদাস প্রথার বিস্তার উৎসাহিত করা

8 প্রেসিডেন্ট লিঙ্কনের (Lincoln) পরবর্তী কোন কাজটি তার 1861 সালের অবস্থানের একটি পরিবর্তন তুলে ধরে?

(1) প্যাসিফিক রেলওয়ে অ্যাক্ট সাক্ষর করা
(2) উইলিয়াম সিওয়ার্ডকে সেক্রেটারি অফ স্টেট হিসাবে নিয়োগ দেওয়া
(3) ইম্যানসিপেশন প্রক্ল্যামেশন জারী করা
(4) হেবিয়াস কর্পাস বন্ধ করা

---

9 ও 10 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . অতএব, আমেরিকান বিকাশ শুধু একটি একক রেখা বরাবর অগ্রগতি প্রদর্শন করেনি, বরং এক ক্রমাগত অগ্রসর হওয়া সীমান্ত রেখা বরাবর এক আদিম অবস্থায় ফিরে যাওয়া প্রদর্শন করেছে, এবং সেই এলাকার জন্য এক নতুন উন্নয়ন প্রদর্শন করেছে। আমেরিকান সামাজিক উন্নয়ন ক্রমাগত বারবার শুরু হচ্ছিল সীমান্ত এলাকায়। এই চিরজীবী পুনর্জন্ম, এই আমেরিকান জীবনের অস্থায়িত্ব, এই নতুন সুযোগ সহ পশ্চিমমুখী সম্প্রসারণ, আদিম সমাজের সারল্যের সাথে এর ক্রমাগত সংস্পর্শ, সেই শক্তিগুলি প্রদান করে যা আমেরিকান চরিত্রকে প্রভাবিত করেছে। . . .

উৎস: Frederick Jackson Turner, "The Significance of the Frontier in American History," 1893

9 আমেরিকান চরিত্রের সৃষ্টির মূলে কোন ভৌগলিক বৈশিষ্ট্য প্রাথমিকভাবে দায়ী বলে ফ্রেডেরিক জ্যাকসন টার্নার (Frederick Jackson Turner) প্রস্তাব করেন?

(1) একটি অগোছালো উপকূল রেখা
(2) গ্রেট লেকস
(3) অনাবাদী বন্যভূমি
(4) মোহক ভ্যালি

10 এই উদ্ধৃতিতে ফ্রেডেরিক জ্যাকসন টার্নারের (Frederick Jackson Turner) ব্যক্ত ধারণাগুলির সাথে কোন ফেডারাল ক্রিয়া সব চেয়ে বেশি সামঞ্জস্যপূর্ণ?

(1) ফেডেরাল রিজার্ভ অ্যাক্ট (Federal Reserve Act) পাশ হওয়া
(2) ফ্রিডমেনস ব্যুরো (Freedmen's Bureau) প্রতিষ্ঠা হওয়া
(3) *প্লেসি* বনাম *ফার্গুসন* (*Plessy* v. *Ferguson*) মামলায় সিদ্ধান্ত
(4) হোমস্টিড অ্যাক্ট (Homestead Act) পাশ হওয়া

---

11 ও 12 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . ব্যক্তিগত একচ্ছত্র আধিপত্য অসমর্থনীয় এবং অসহনীয়। তা প্রতিযোগিতা ধ্বংস করে, সকল উপাদানের এবং প্রস্তুত করা পণ্যের মূল্য নিয়ন্ত্রণ করে, যার ফলে উৎপাদক এবং গ্রাহক উভয়ই ক্ষতিগ্রস্ত হয়। তা শ্রমের নিয়োগ হ্রাস করে, এবং তার শর্তাবলী ইচ্ছামত স্থির করে; এবং একক শক্তি ও স্বল্প পুঁজিকে তার উন্নতি করার সুযোগ থেকে বঞ্চিত করে। . . .

উৎস: Democratic Party Platform of 1900

11 অনুচ্ছেদের লেখকরা কোন দু'জন ব্যক্তির ক্রিয়াকলাপ সম্পর্কে সব চেয়ে বেশি সমালোচনামূলক হতে পারতেন?

(1) জেকব রীস (Jacob Riis) এবং ইডা টারবেল (Ida Tarbell)
(2) জন ডি. রকফেলার (John D. Rockefeller) এবং অ্যান্ড্রু কার্নেগি (Andrew Carnegie)
(3) উইলিয়াম জেনিংস ব্রায়ান (William Jennings Bryan) এবং উইজিন ভি. ডেবস (Eugene V. Debs)
(4) মার্গারেট স্যাঙ্গার (Margaret Sanger) এবং জেন অ্যাডামস (Jane Addams)


12 19তম শতাব্দীর শেষ এবং 20তম শতাব্দীর শুরুর দিকে, কীভাবে কংগ্রেস এই অনুশীলনগুলির মোকাবিলা করার চেষ্টা করেন?

(1) তারা বৃহৎ শিল্পগুলির সরকারী অধিগ্রহণ অনুমোদন করেন।
(2) তারা ঘোষণা করেন যে সকল বাণিজ্য হল আন্তঃরাজ্য ব্যবসা।
(3) তারা একটি ন্যূনতম মজুরি বাস্তবায়ন করেন।
(4) তারা অ্যান্টিট্রাস্ট আইন পাশ করেন।


13 ও 14 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া খবরের কাগজের শিরোনাম এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**$50,000 পুরস্কার** – কে মেইনকে ধ্বংস করেছে? – **$50,000 পুরস্কার**

বৃহত্তর নিউ ইয়র্কের জন্য সংস্করণ



# নিউ ইয়র্ক জার্নাল



এবং বিজ্ঞাপনদাতা

নিউ ইয়র্ক, বৃহস্পতিবার, 17ই ফেব্রুয়ারী 1898

## যুদ্ধ জাহাজ মেইনের ধ্বংস একটি শত্রুর কাজ ছিল

**$50,000!**

$50,000 পুরস্কার! মেইন অবমাননার অপরাধীকে সনাক্ত করার জন্য!

সহকারী সচিব রুজভেল্ট নিশ্চিত যে এই যুদ্ধ জাহাজের বিস্ফোরণ দুর্ঘটনা ছিল না।

258 জন আমেরিকান নাবিকের মৃত্যুর জন্য দায়ী যে অপরাধী তার শাস্তির জন্য পত্রিকাটি $50,000 পুরস্কার প্রদান করবে। নৌবাহিনীর আধিকারিকরা একমত যে জাহাজটি ইচ্ছা করে ধ্বংস করা হয়েছে।

**$50,000!**

$50,000 পুরস্কার! মেইন অবমাননার অপরাধীকে সনাক্ত করার জন্য!

উৎস: *New York Journal,* February 17, 1898 (অভিযোজিত)

13 একজন ঐতিহাসিক খুব সম্ভবত এই নথিগুলি ব্যবহার করবেন এই ফলাফলে শেষ হওয়া ঘটনাগুলির তদন্ত করার জন্য


(1) অ্যালাস্কার অন্তর্ভুক্তিকরণ
(2) স্পেনের সাথে যুদ্ধ
(3) মুক্ত দ্বার নীতি
(4) মেক্সিকোর আক্রমণ

14 এই ঘটনার ঠিক আগের বছরগুলিতে মার্কিন যুক্তরাষ্ট্রের বৈদেশিক নীতির পরিবর্তন কীভাবে ঘটে?

(1) মার্কিন যুক্তরাষ্ট্র বৈদেশিক সম্প্রসারণের একটি সময়কালে প্রবেশ করে।
(2) মার্কিন যুক্তরাষ্ট্র সংবরণের নীতি অনুসরণ করে।
(3) মার্কিন যুক্তরাষ্ট্র আরো বেশি বিচ্ছিন্ন হয়ে পড়ে।
(4) মার্কিন যুক্তরাষ্ট্র ম্যানিফেস্ট ডেস্টিনির লক্ষ্য প্রত্যাখ্যান করে।

15 ও 16 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্রের এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**দক্ষিণ থেকে আফ্রিকান-আমেরিকানদের অভিপ্রয়াণের ধরণগুলি, 1910–1970**




উৎস: Michael Siegel, Rutgers Cartography, 2005 (অভিযোজিত)

15 এই মানচিত্রে যেমন দেখানো হয়েছে, মানুষের চলনের প্রধান কারণ কী ছিল?

(1) বিদেশি খাবারের আমদানি গার্হস্থ্য শস্যের উৎপাদনকে প্রতিস্থাপন করে।

(2) উত্তরের রাজ্যগুলি সব রকম বর্ণ বৈষম্য নিষিদ্ধ করে।

(3) অ্যাবোলিশনিস্টরা ক্রীতদাসত্ব থেকে মুক্তির একটি উপায়ের প্রতিজ্ঞা করেন।

(4) শিল্পায়ন আরো বেশি কর্ম সংস্থানের সুযোগ প্রদান করে।

16 মানচিত্রে প্রদর্শিত অভিবাসনের একটি ফলাফল কী ছিল?

(1) দক্ষিণ বেশির ভাগ ইউরোপিয়ান অভিবাসীদের নতুন গন্তব্য হয়ে ওঠে।

(2) দেশের উত্তরার্ধে ডেমোক্রেটিক দলের অবনতি ঘটে।

(3) আমেরিকান সংস্কৃতি নতুন ধরনের সঙ্গীত এবং সাহিত্য দ্বারা সমৃদ্ধ হয়।

(4) জাতি জুড়ে পৃথকীকৃত সম্প্রদায়গুলির সমাপ্তি ঘটে।

17 ও 18 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . আমার মনে হয় সকল মানুষই এটা বোঝেন যে যুদ্ধের সময় নাগরিকদের অবশ্যই তাদের কিছু অধিকার সমর্পন করা উচিত সর্বসাধারণের মঙ্গলের জন্য যা তারা শান্তির সময় উপভোগ করার অধিকারী। *কিন্তু, মহাশয়, সাংবিধানিক রীতি অনুযায়ী তাদের নিজের সরকারকে নিয়ন্ত্রণ করার অধিকার এমন কোনো অধিকার নয় যা এই দেশের নাগরিকদের যুদ্ধের সময় সমর্পন করতে হয়*। . . .
>
> সব চেয়ে গুরুত্বপূর্ণ, নাগরিক এবং কংগ্রেসে তার প্রতিনিধি যুদ্ধের সময় অবশ্যই তার বাক স্বাধীনতার অধিকার বজায় রাখবেন। শান্তির সময়ের চেয়েও বেশি গুরুত্বপূর্ণ, সরকারি নীতিগুলির স্বাধীন এবং সর্বজনীন আলোচনার পথগুলি খোলা এবং উন্মুক্ত থাকা প্রয়োজন। . . .

উৎস: Senator Robert M. La Follette, "Free Speech in Wartime," October 6, 1917

17 অনুচ্ছেদ অনুযায়ী, যুদ্ধের সময় বাক স্বাধীনতার পক্ষে একটি যুক্তি কী ছিল?

(1) যুদ্ধের সময়েও নাগরিকদের অবশ্যই তাদের সরকারকে নিয়ন্ত্রণ করার অধিকারকে বজায় রাখতে হবে।
(2) নাগরিকদের অবশ্যই তাদের নির্বাচিত আধিকারিকদের সিদ্ধান্তকে সমর্থন করতে হবে।
(3) সামরিক নেতারা সাংবিধানিক শপথের কারণে মানুষের অধিকারগুলি রক্ষা করার জন্য বাধ্য।
(4) প্রথম সংশোধনীর অধিকার সীমিত করার জন্য আইন পাশ করার কতৃত্ব কংগ্রেসের আছে।

18 সুপ্রিম কোর্টের কোন সিদ্ধান্ত সিনেটর লা ফলেটের (La Follette) এই বক্তৃতায় উত্থিত উদ্বেগকে সম্বোধন করে?

(1) *ওয়াবাশ, সেন্ট লুইস এবং প্যাসিফিক আর. আর.* বনাম *ইলিনয় (Wabash, St. Louis & Pacific R.R.* v. *Illinois)*
(2) *প্লেসি* বনাম *ফার্গুসন (Plessy* v. *Ferguson)*
(3) *নর্দার্ন সিকিউরিটিজ কোম্পানি* বনাম *মার্কিন যুক্তরাষ্ট্র (Northern Securities Co.* v. *United States)*
(4) *শেঙ্ক* বনাম *মার্কিন যুক্তরাষ্ট্র (Schenck* v. *United States)*

19 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া কার্টুন ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**একজন জ্ঞানী অর্থনীতিবিদ একটি প্রশ্ন জিজ্ঞাসা করেন**




উৎস: John T. McCutcheon, *Chicago Tribune,* 1931 (অভিযোজিত)

19 এই কার্টুনে সম্বোধন করা সমস্যার সমাধান করতে প্রেসিডেন্ট হার্বার্ট হুভার (Herbert Hoover) এবং রিপাবলিকান দল কেন অক্ষম হয়েছিলেন?

(1) তারা অর্থনৈতিক ক্রিয়াকলাপে ফেডারাল সরকারের সীমিত হস্তক্ষেপে বিশ্বাসী ছিলেন।
(2) তারা জানতেন সমস্যাটি শুধু মার্কিন যুক্তরাষ্ট্রের গ্রামীণ অঞ্চলে বিদ্যমান ছিল।
(3) তারা মনে করতেন ব্যাঙ্কের সঙ্কটের প্রাথমিক কারণ ছিল বিদেশী প্রভাব।
(4) তারা বিশ্বাস করতেন ফেডারাল সরকারের উচিত তাদের আগে অর্থ ফেরত দেওয়া যারা শেয়ার সংক্রান্ত ফটকায় অর্থ হারিয়েছেন।

20 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া কার্টুন ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## আম্পায়ার করার পদ্ধতি পরিবর্তন করার চেষ্টা




উৎস: Ray O. Evans, *Columbus Dispatch,* February 10, 1937 (অভিযোজিত)

20 এই কার্টুনে যেমন দেখানো হয়েছে, প্রেসিডেন্ট ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্টের (Franklin D. Roosevelt) সুপ্রিম কোর্টের প্রতি তেমন প্রতিক্রিয়ার কারণ কী ছিল?

(1) কংগ্রেস কোনো নিউ ডিল আইন পাশ করতে ব্যর্থ হয়।
(2) বেশ কয়েকটি নিউ ডিল কর্মসূচী বাতিল করা হয়েছিল।
(3) প্রেসিডেন্ট রুজভেল্টকে অভিশংসন করার জন্য ভোট দিয়েছিলেন হাউজ অফ রিপ্রেজেন্টেটিভস।
(4) বেশ কয়েকজন সুপ্রিম কোর্টের বিচারককে তাদের পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছিল।

21 ও 22 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া পোস্টার এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**পাশ্চাত্য প্রতিরক্ষা কম্যান্ড এবং চতুর্থ সেনাবাহিনীর যুদ্ধকালীন বেসামরিক নিয়ন্ত্রণ প্রশাসন**

**স্যান ফ্র্যান্সিস্কো, ক্যালিফর্নিয়ার প্রেসিডিও**
**1লা এপ্রিল 1942**

# জাপানি বংশোদ্ভুত সকল ব্যক্তিবর্গের প্রতি নির্দেশাবলী

**নিম্নলিখিত এলাকাগুলিতে বসবাসকারী:**

**জুনিপারো সেরা বুলেভার্ড, ওরচেস্টার অ্যাভেনিউ, এবং উনিশতম অ্যাভেনিউয়ের দ্বারা প্রতিষ্ঠিত উত্তর-দক্ষিণ লাইনের মূলত পশ্চিমে অবস্থিত ক্যালিফর্নিয়া রাজ্যের স্যান ফ্র্যান্সিস্কো শহর এবং কাউন্টির সকল অংশ এবং ক্যালিফর্নিয়া স্ট্রিট দ্বারা প্রতিষ্ঠিত পূর্ব-পশ্চিম লাইনের মূলত উত্তরে অবস্থিত, মার্কেট স্ট্রিটের মোড় অবধি, এবং সেখান থেকে মার্কেট স্ট্রিট হয়ে স্যান ফ্র্যান্সিস্কো বে পর্যন্ত।**

**সকল জাপানি ব্যক্তিবর্গকে, এলিয়েন এবং নন-এলিয়েন উভয়ই, উপরে উল্লিখিত এলাকাগুলি থেকে অপসারিত করা হবে 7ই এপ্রিল 1942, দুপুর 12:00-টার মধ্যে।**

**কোন জাপানি ব্যক্তিকে উপরে উল্লিখিত এলাকায় প্রবেশ করতে বা সেখান থেকে প্রস্থান করতে দেওয়া হবে না সিভিল কন্ট্রোল স্টেশনের প্রোভস্ট মার্শালের থেকে প্রাপ্ত বিশেষ অনুমতি ছাড়া বৃহস্পতিবার, 2রা এপ্রিল 1942, সকাল 8:00-টার পরে, সিভিল কন্ট্রোল স্টেশন অবস্থিত:**

**1701 ভ্যান নেস অ্যাভেনিউ**
**স্যান ফ্র্যান্সিস্কো, ক্যালিফর্নিয়া**

**জে. এল. ডিউইট (J. L. DeWITT)**
**লেফটনান্ট জেনারাল, মার্কিন সেনাবাহিনী**
**নির্বাহী**

**বেসামরিক বর্জন আদেশ নম্বর 5 দেখুন**

উৎস: Oakland Museum of California (অভিযোজিত)

21 কোন পরিস্থিতির ফলে পাশ্চাত্য প্রতিরক্ষা কম্যান্ড এবং চতুর্থ সেনাবাহিনীর যুদ্ধকালীন বেসামরিক নিয়ন্ত্রণ প্রশাসন এই আদেশটি জারি করেন?

(1) পার্ল হার্বার এর উপর জাপানি আক্রমণ
(2) পশ্চিম উপকূলে পর্যাপ্ত আবাসনের অভাব
(3) জাপানি আমেরিকানদের দ্বারা করা ব্যাপক গুপ্তচরবৃত্তি
(4) জাপানি আমেরিকানদের দেশান্তরিত করার প্রচেষ্টা

22 কোন সুপ্রিম কোর্টের মামলা এই আদেশের সাংবিধানিকতা বহাল রেখেছিল?

(1) *ম্যাপ* বনাম *ওহাইও* (*Mapp* v. *Ohio*)
(2) *কোরেমাতসু* বনাম *মার্কিন যুক্তরাষ্ট্র* (*Korematsu* v. *United States*)
(3) *গিডিওন* বনাম *ওয়েইনরাইট* (*Gideon* v. *Wainwright*)
(4) *মিরান্ডা* বনাম *অ্যারিজোনা* (*Miranda* v. *Arizona*)

---

23 ও 24 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Edwin Marcus, ca. 1947, Library of Congress (অভিযোজিত)

23 মার্শাল প্ল্যানের মূল উদ্দেশ্য কী ছিল?

(1) সোভিয়েত ইউনিয়নের সাথে আরো ভালো সম্পর্ক তৈরি করা
(2) মার্কিন যুক্তরাষ্ট্রের এলাকা সম্প্রসারণ করা
(3) মধ্য প্রাচ্যে বিপ্লবকে সমর্থন করা
(4) কমিউনিজমের বিস্তারকে দমন করা

24 মার্শাল প্ল্যানের প্রতি সোভিয়েত প্রতিক্রিয়া যার প্রতি অবদান রাখে তা হল

(1) মার্কিন যুক্তরাষ্ট্র-ইউরোপিয়ান বাণিজ্যে অবনতি
(2) আফ্রিকান জাতিগুলির প্রতি বর্ধিত সাহায্য
(3) স্নায়ু যুদ্ধ
(4) নর্থ অ্যাটলান্টিক ট্রিটি অর্গ্যানাইজেশনের (NATO) সমাপ্তি

25 ও 26 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> **সেকশন 1.** এই যৌথ সঙ্কল্পকে "ওয়ার পাওয়ারস রেজোলিউশন" বলা যেতে পারে।
>
> **উদ্দেশ্য এবং নীতি**
>
> **সেক. 2.** (a) এই যুগ্ম সঙ্কল্পের উদ্দেশ্য হলো মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রস্তুতকারকদের উদ্দেশ্য পূরণ করা এবং কংগ্রেস ও প্রেসিডেন্টের সমষ্টিগত সিদ্ধান্ত প্রযোজ্য হবে মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীকে যুদ্ধে, বা এমন পরিস্থিতিতে যেখানে যুদ্ধবিগ্রহ আসন্ন বলে স্পষ্ট নির্দেশিত, সেখানে নামানো হবে কিনা, এবং এই বাহিনীর ব্যবহার যুদ্ধে বা তেমন পরিস্থিতিতে অবিরত থাকবে কিনা তা স্থির করতে। . . .
>
> (c) সেনাপ্রধান হিসেবে প্রেসিডেন্টের মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীকে যুদ্ধে, বা যেখানে পরিস্থিতি স্পষ্ট ইঙ্গিত করে যে যুদ্ধ আসন্ন, সেখানে তাদের নামানোর সাংবিধানিক ক্ষমতা প্রয়োগ করা হবে কেবল এই অনুযায়ী (1) যুদ্ধ ঘোষণা, (2) নির্দিষ্ট বিধিবদ্ধ অনুমোদন, বা (3) একটি জাতীয় জরুরী অবস্থা যা মার্কিন যুক্তরাষ্ট্রের উপর, তার এলাকাগুলির বা তার অধিকৃত সম্পত্তির উপর বা তার সশস্ত্র বাহিনীর উপর আক্রমণের ফলে সৃষ্ট হয়েছে। . . .

উৎস: War Powers Resolution, 1973

25 এই আইনের উদ্দেশ্য ছিল

(1) প্রেসিডেন্টের মার্কিন যুক্তরাষ্ট্রকে দীর্ঘস্থায়ী যুদ্ধে জড়িত করার ক্ষমতাকে সীমিত করা
(2) সেনাপ্রধান হিসেবে প্রেসিডেন্টের ক্ষমতাকে প্রসারিত করা
(3) প্রেসিডেন্টকে বিদেশী দেশগুলির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে দেওয়া
(4) কংগ্রেসের সম্মতি ছাড়া একটি চুক্তিতে প্রেসিডেন্টের স্বাক্ষর করা প্রতিরোধ করা

26 কোন ঘটনার সব চেয়ে সরাসরি ফলাফল ছিল এই আইন পাশ হওয়া?

(1) প্রেসিডেন্ট নিক্সনের (Nixon) চিন সফর
(2) প্রেসিডেন্ট কেনেডির (Kennedy) কিউবান মিসাইল সঙ্কটের প্রতি প্রতিক্রিয়া
(3) ভিয়েতনাম যুদ্ধে জড়িয়ে পড়া
(4) আরবের তেল সংক্রান্ত নিষেধাজ্ঞা আরোপ

27 ও 28 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**প্রেসিডেন্ট লিন্ডন বি. জনসন (Lyndon B. Johnson) ইউনাইটেড স্টেটস ক্যাপিটল ভবনে মার্টিন লুথার কিং জুনিওর (Martin Luther King Jr.) এবং অন্যান্য নাগরিক অধিকার নেতাদের সামনে ভোটিং রাইটস অ্যাক্টে সাক্ষর করছেন।**



উৎস: LBJ Presidential Library, August 6, 1965 (অভিযোজিত)

27 ছবিতে প্রেসিডেন্টের কোন ভূমিকা প্রদর্শন করা হচ্ছে?
(1) সশস্ত্র বাহিনীর সেনাপ্রধান
(2) ফেডারেল অপরাধের জন্য দণ্ড স্থগিত করা এবং ক্ষমা করা
(3) বিদেশী জাতির সাথে চুক্তি করার ক্ষমতা
(4) কংগ্রেসনাল বিল অনুমোদনকারী মুখ্য নির্বাহী

28 ভোটিং রাইটস অ্যাক্ট (Voting Rights Act) কীভাবে আফ্রিকান আমেরিকানদের নাগরিক অধিকারকে প্রসারিত করে তার একটি উপায় বলুন?
(1) এটি ভাগ-চাষের অনুশীলন বন্ধ করে।
(2) এটি সরকারি সুবিধাপ্রাপ্তির স্থানগুলিতে বৈষম্যের সমাপ্তি ঘটায়।
(3) এটি স্বাক্ষরতার পরীক্ষার ব্যবহারকে বেআইনি করে।
(4) এটি সরকারি স্কুলগুলির একীভূতকরণ বাধ্য করে।

**সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলির (29 এবং 30) উত্তর এবং নাগরিক স্বাক্ষরতা রচনা ধরনের প্রশ্নের উত্তর (37) পৃথক রচনা পুস্তিকায় লিখতে হবে।**

## অংশ II

## সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি (SEQগুলি)

**এই সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি সঙ্গে দেওয়া নথিগুলির উপর ভিত্তি করা এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি। প্রতিটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নের সেটে দু'টি করে নথি আছে। এই প্রশ্নগুলির উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

---

## SEQ সেট 1 (প্রশ্ন 29)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- এই নথিগুলির সাথে যে ঐতিহাসিক প্রসঙ্গ জড়িত তা বর্ণনা করুন
- এই নথিগুলিতে পাওয়া ঘটনা এবং/অথবা ধারণাগুলির মধ্যে ***সম্পর্ক*** সনাক্ত করুন এবং ব্যাখ্যা করুন (কারণ এবং প্রভাব, ***বা*** মিল/পার্থক্য, ***বা*** সন্ধিক্ষণ)

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করুন** অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রসঙ্গ** অর্থে "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**সনাক্ত করুন** অর্থ "একটি নাম দেওয়া বা নাম করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**<u>সম্পর্কের ধরন:</u>**

**কারণ** অর্থ "কোনো কিছু যা একটি ঘটনা ঘটার প্রতি অবদান রাখে, একটি ধারণার জাগরণ, অথবা কোনো বিকাশ সংঘটিত করা।"

**প্রভাব** অর্থে "একটি ঘটনা, একটি ধারণা বা একটি বিকাশের পরিণামস্বরূপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।"

**মিল** বলে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত হয় বা একই হয়।"

**পার্থক্য** বলে কীভাবে "কোনো কিছু অন্য কোনো কিছুর মত নয় বা একই নয়।"

**সন্ধিক্ষণ** হল "বড় ঘটনা, ধারণা, বা ঐতিহাসিক বিকাশ যা উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। এটি স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, বা বৈশ্বিক হতে পারে।"

***SEQ সেট 1 নির্দেশনা* (প্রশ্ন 29)**: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনার পুস্তিকায় লেখার আগে।

## নথি 1

. . . সেখানে মাংস ছিল যা মাটিতে পড়ে গেছে, ধুলো এবং কাঠের গুঁড়োর মধ্যে, যেখানে কর্মীরা হাঁটা চলা করেছেন এবং অসংখ্য বিলিয়ন যক্ষ্মার [টিউবারকুলোসিস] জীবাণু থুতু হিসেবে ফেলেছেন। ঘরগুলিতে বিশাল স্তুপে মাংসগুলি সংরক্ষিত করা থাকত; এবং ফুটো হয়ে ছাদ থেকে পানি তার উপর ফোটা ফোটা হয়ে পড়ত, এবং হাজার হাজার ইঁদুর তার উপর দৌড়ে বেড়াত। এই সঞ্চয়স্থানগুলি খুব অন্ধকার ছিল এবং ভালো করে দেখা যেত না, কিন্তু একজন মানুষ এই মাংসের ঢিবির উপর দিয়ে হাত বোলাতে পারত এবং মুঠো মুঠো শুকনো ইঁদুরের বিষ্ঠা ঝাড় দিয়ে ফেলতে পারত। এই ইঁদুরগুলি ছিল এক উপদ্রব, এবং প্যাকাররা বিষ মেশানো রুটি রাখতেন তাদের জন্য; তারা মরতো, এবং তারপর ইঁদুর, রুটি, এবং মাংস একসাথে হপারের ভিতর যেত। এটা কোন আষাঢ়ে গল্প নয় এবং মজার কথা নয়; মাংসগুলি বেলচা দিয়ে মালবাহী গাড়িতে তোলা হত, এবং যে মানুষটি বেলচা ব্যবহার করতেন তিনি দেখতে পেলেও একটি ইঁদুর তুলে ফেলতেন না—সসেজের মধ্যে এমন সব বস্তু যেত যার তুলনায় বিষ দিয়ে মারা ইঁদুর ছিল মুখরোচক খাবার। নৈশভোজ খাবার আগে হাত ধোবার কোন জায়গা ছিল না মানুষগুলির, অতএব তারা সসেজে হাতা করে যে পানি দেওয়া হত তাতে হাত ধোবার অভ্যাস করেছিলেন। ধুমায়িত মাংসের পশ্চাদাংশ, এবং কর্ণ্ড বিফের টুকরো, এবং কারখানার বর্জ্য পদার্থের সকল টুকিটাকি বস্তু যা সেলারের পুরোনো পিপাতে ঢেলে সেখানে রেখে দেওয়া হত। প্যাকাররা যে কঠোর অর্থনীতির ব্যবস্থা বলবত করেছিলেন, তার অধীনে কিছু কাজ ছিল যাতে বহু সময় পরে একবার করার জন্য মজুরী পাওয়া সম্ভব ছিল এবং এর মধ্যে ছিল বর্জ্য পদার্থের পিপাগুলি পরিষ্কার করা। প্রতি বসন্তে তারা এটি করতেন; এবং পিপাগুলিতে থাকতো ময়লা এবং জং এবং পুরোনো পেরেক এবং বাসি পানি—এবং বোঝাই করা মালবাহী গাড়ি উপরে নিয়ে যাওয়া হত এবং তাজা মাংসের সাথে হপারে ফেলা হত, এবং জনসাধারণের প্রাতঃরাশের জন্য পাঠানো হত। এর মধ্যে কিছু দিয়ে তারা "ধূমায়িত" সসেজ তৈরি করবেন—কিন্তু যেহেতু ধূমায়িত করার প্রক্রিয়াতে সময় লাগত, এবং তার কারণে ব্যয়বহুল ছিল, তারা তাদের রসায়ন বিভাগে কল করতেন এবং বোরাক্স দিয়ে সংরক্ষণ করতেন এবং জেলাটিন দিয়ে সেগুলি বাদামি রঙ করতেন। তাদের সকল সসেজ একই পাত্র থেকে বের হত, কিন্তু মোড়কে ভরার সময় তার মধ্যে কিছু তারা "স্পেশাল" বলে ছাপ দিতেন এবং তার জন্য তারা পাউন্ড প্রতি দুই সেন্ট বেশি মূল্য ধার্য করতেন। . . .

উৎস: Upton Sinclair, *The Jungle,* February 1906

**নথি 2**

> সচীব [কৃষিকার্যের] স্বাস্থ্য ব্যবস্থার বা অন্য যোগ্যতাসম্পন্ন পরিদর্শকদের দিয়ে সকল বধ করার, মাংস ক্যানে ভরার, নুন দেওয়ার, প্যাক করার, রেন্ডার করার, বা সমতুল্য প্রতিষ্ঠানের পরিদর্শন করাবেন যেখানে সহজে পোষ মানানো যায় এমন প্রজাতি বধ করা হয় এবং তার মাংস ও মাংসজাত খাদ্যের পণ্য বাণিজ্যের জন্য প্রস্তুত করা হয়, এবং তাদেরকে সেগুলির স্বাস্থ্য ব্যবস্থার অবস্থা সম্পর্কে তাকে অবগত করাবেন এবং স্বাস্থ্য ব্যবস্থার বিধি নিয়ম নির্ধারণ করবেন যার অধীনে এমন প্রতিষ্ঠানগুলি বজায় রাখতে হবে; এবং যেখানে স্বাস্থ্য ব্যবস্থা এমন যে মাংস বা মাংসজাত খাদ্য পণ্য ভেজাল মিশ্রিত [দূষিত] হয়ে যায়, সেখানে তিনি সেই মাংস বা মাংসজাত খাদ্য পণ্য লেবেল করতে, চিহ্নিত করতে, ছাপ দিতে, অথবা "পরীক্ষিত এবং পাশ করা" হিসেবে ট্যাগ করতে অস্বীকার করবেন।

উৎস: Meat Inspection Act, June 30, 1906, as amended in 1967 and 2005

---

**SEQ সেট 1 (প্রশ্ন 29)**

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- এই নথিগুলির সাথে যে ঐতিহাসিক প্রসঙ্গ জড়িত তা বর্ণনা করুন
- এই নথিগুলিতে পাওয়া ঘটনা এবং/অথবা ধারণাগুলির মধ্যে ***সম্পর্ক*** সনাক্ত করুন এবং ব্যাখ্যা করুন (কারণ এবং প্রভাব, ***বা*** মিল/পার্থক্য, ***বা*** সন্ধিক্ষণ)

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে খালি রাখা হয়েছে।

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 এবং 2 এর সাথে জড়িত ঐতিহাসিক প্রসঙ্গ বর্ণনা করুন
- **নথি 1** বিশ্লেষণ করুন এবং ব্যাখ্যা করুন কিভাবে *পাঠক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি* এই নথিটিকে একটি বিশ্বাসযোগ্য প্রমাণের উৎস হিসেবে ব্যবহার করার ক্ষেত্রে প্রভাবিত করে

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করুন** অর্থ "কোন কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রসঙ্গ** অর্থে "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**বিশ্লেষণ করুন** অর্থ "একটি নথি পরীক্ষা করা এবং তার উপাদানগুলি এবং সম্পর্কগুলি নির্ধারন করা।"

**ব্যাখ্যা করুন** অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।"

**নির্ভরযোগ্যতা** নির্ধারণ করা হয় একটি উৎসে প্রাপ্ত তথ্য কতটা নিখুঁত এবং উপযোগী একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য তার উপর ভিত্তি করে।

***SEQ সেট 2 নির্দেশনা* (প্রশ্ন 30)**: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনার পুস্তিকায় লেখার আগে।

## নথি 1

**“1770 সালের 5 মার্চ বোস্টনের কিং স্ট্রিটে 29তম রেজিমেন্টের একটি দল দ্বারা সংঘটিত রক্তাক্ত হত্যাকাণ্ড।”**




উৎস: Engraved and printed by Paul Revere,
Library of Congress, Prints and Photographs Division

## নথি 2

নিচে 1770 সালের বোস্টন হত্যাকাণ্ডে (Boston Massacre) অংশগ্রহণকারী বৃটিশ সৈনিকদের বিচারের সময় ক্যাপ্টেন টমাস প্রেস্টনের (Captain Thomas Preston) জবানবন্দীর একটি অংশ দেওয়া হয়েছে।

> . . .সেখানে যাওয়ার পথে আমি প্রচুর পরিমাণে মানুষ দেখলাম, এবং তারপর সৈনিকদের বিরুদ্ধে নিষ্ঠুরতম ও প্রচণ্ড ভয়ঙ্কর হুমকি শুনতে পেলাম। আমি গার্ডের কাছে পৌছানোর পর কয়েক মিনিটের মধ্যে প্রায় 100 মানুষ সেটি পার হয়ে যায়, এবং রাজার অর্থ যেখানে সঞ্চিত ছিল সেই শুল্কঘরের দিকে এগিয়ে যায়।
>
> তারা সেখানে দায়িত্বরত প্রহরীকে সাথে সাথে ঘিরে ফেলে, এবং মুগুর ও অন্যান্য অস্ত্র দিয়ে তার উপর নিজেদের প্রতিশোধ চরিতার্থ করার হুমকি দিতে থাকে। একজন শহরপ্রতিনিধি শীঘ্রই আমাকে জানান যে লোকগুলোর উদ্দেশ্য হল প্রহরীটিকে তার জায়গা থেকে সরিয়ে নিয়ে যাওয়া এবং সম্ভবত তাকে মেরে ফেলা; যা শুনে আমি তাকে ফিরে গিয়ে আরো খবর সংগ্রহ করতে বলি, এবং তিনি শীঘ্রই ফিরে এসে আমাকে নিশ্চিত করেন যে লোকজন ঘোষণা দিয়েছে যে তারা প্রহরীকে হত্যা করবে। এতে আমি আশঙ্কা করি যে এর পরেই হয়তো তারা রাজার সিন্দুক লুট করবে। . . .
>
> আমি যখন সৈনিকদের জিজ্ঞাসা করি যে তারা আদেশ ছাড়া কেন গুলি চালাল, তখন তারা বলল যে তারা ফায়ার কথাটি শুনেছিল এবং ভেবেছিল সেটি আমি বলেছি। এটি সম্ভব হতে পারে কারণ লোকজনের অনেকেই ফায়ার, ফায়ার বলে চিৎকার করেছিল, কিন্তু আমি সৈন্যদের বললাম যে আমি এমন কোনো নির্দেশ দিইনি, এবং আমার নির্দেশ ছিল, ফায়ার কোরো না, তোমাদের ফায়ার বন্ধ করো। সংক্ষেপে, কে ফায়ার বলেছে, বা ফায়ার কোরো না বলেছে, বা ফায়ার বন্ধ করতে বলেছে তা সৈন্যদের জন্য জানা প্রায় অসম্ভব ছিল।
>
> মৃতদের সরিয়ে নেওয়ার জন্য লোকজন আবার জড়ো হতে শুরু করলে, সৈন্যরা ভাবে তারা আক্রমণ করতে আসছে, এবং আবার ফায়ার করার প্রস্তুতি নেয়, যা তাদের ফায়ারলক নিজের হাতে উঠিয়ে দেওয়ার মাধ্যমে আমি বন্ধ করি। . . .

উৎস: Transcript of British Captain Thomas Preston's testimony, from "The Boston Massacre, The British View, 1770," EyeWitness to History, 2009

---

### SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপর ভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 এবং 2 এর সাথে জড়িত ঐতিহাসিক প্রসঙ্গ বর্ণনা করুন
- **নথি 1** বিশ্লেষণ করুন এবং ব্যাখ্যা করুন কিভাবে *পাঠক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি* এই নথিটিকে একটি বিশ্বাসযোগ্য প্রমাণের উৎস হিসেবে ব্যবহার করার ক্ষেত্রে প্রভাবিত করে

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক বিকাশ করবেন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটি প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

নাম ______________________________ স্কুল ______________________________

## অংশ III

### নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা (প্রশ্ন 31–37)

**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা প্রশ্নটি এর সাথে থাকা নথির উপর ভিত্তি করা। প্রশ্নটি আপনার ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার ক্ষমতার পরীক্ষা করার জন্য তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। নথিগুলি বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং যেকোনো দৃষ্টিভঙ্গি যা এই নথিতে উপস্থাপন করা হতে পারে তা বিবেচনা করুন। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

**ঐতিহাসিক প্রসঙ্গ: গণতন্ত্রের সম্প্রসারণ—মহিলাদের ভোটাধিকার**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক এবং নাগরিক বিষয় নিয়ে বিতর্ক করেছেন আমেরিকানরা। এই বিতর্কের ফলে ব্যক্তি, গোষ্ঠি, এবং সরকার এই বিষয়গুলির মোকাবিলা করার চেষ্টা করেছেন। এই প্রচেষ্টাগুলি সাফল্যের বিভিন্ন মাত্রা অর্জন করেছে। এগুলির মধ্যে একটি সাংবিধানিক এবং নাগরিক বিষয় হল *মহিলাদের ভোটাধিকার*।

**কাজ:** অংশ A-তে দেওয়া নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন। নথিগুলি থেকে পাওয়া তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, অংশ A-তে দেওয়া প্রতিটি নথির পরে দেওয়া প্রশ্নগুলির উত্তর দিন। প্রশ্নগুলির প্রতি আপনার দেওয়া উত্তর আপনাকে অংশ B-তে দেওয়া রচনাটি লিখতে সাহায্য করবে যেখানে আপনাকে বলা হবে

- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের সাথে জড়িত ঐতিহাসিক পরিস্থিতির বর্ণনা করুন
- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের মোকাবিলা করার জন্য ব্যক্তি, দল, এবং/অথবা সরকারের প্রচেষ্টাগুলির ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজের উপর এই প্রচেষ্টাগুলির প্রভাব আলোচনা করুন

**অংশ III এর উত্তরগুলি তৈরি করার সময় অবশ্যই এই সাধারণ সংজ্ঞাগুলি মনে রাখবেন:**

(a) **<u>বর্ণনা করুন</u> অর্থ "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা"**

(b) **<u>ব্যাখ্যা করুন</u> অর্থ "সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক"**

(c) **<u>আলোচনা করুন</u> অর্থ "কোনো কিছু সম্পর্কে পর্যবেক্ষণ করা তথ্য, যুক্তি, এবং তর্ক ব্যবহার করে; বিশদভাবে পেশ করা"**

**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা**
**অংশ A**
**সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নসমূহ (31–36)**

*নির্দেশনা:* নথিগুলি বিশ্লেষণ করুন প্রতিটি নথির পরে যে সংক্ষিপ্ত প্রশ্নগুলি আছে প্রদত্ত স্থানে তার উত্তর দিন।

**নথি 1**

গৃহ যুদ্ধের আগের বছরগুলিতে, আমেরিকান মহিলারা একটি প্রচারণা শুরু করেন যা প্রায় পঁচাত্তর বছর স্থায়ী হয়। তাদের যুদ্ধ অবশেষে সমাপ্ত হয় 1920 সালে যখন উনিশতম সংশোধনী যা "লিঙ্গের ভিত্তিতে" ভোটাধিকার থেকে বঞ্চিত করা নিষিদ্ধ করে, তা অবলম্বন করা হয়। প্রাথমিকভাবে, ভোটাধিকার ছিল অনেকগুলি সংস্কারের একটি যার উদ্দেশ্য ছিল উনবিংশ শতাব্দীর মহিলাদের বিরুদ্ধে উল্লেখযোগ্য আইনি, রাজনৈতিক, ধর্মীয়, এবং সাংস্কৃতিক বৈষম্যের সমাপ্তি ঘটানো। 1840 এবং 1850 সালে আন্দোলনকারীরা শিশু হেফাজত আইন যা পিতাদের প্রতি পক্ষপাত দুষ্ট ছিল, তা থেকে শুরু করে মহিলাদের জনসমক্ষে কথা বলার বিরুদ্ধে নিষেধাজ্ঞা, সমান শিক্ষার সুযোগ, এবং দ্বৈত লিঙ্গ-ভিত্তিক মান ইত্যাদিকে তাদের লক্ষ্যের বিষয় করে। এমন ভাষা এবং শব্দভাণ্ডার ব্যবহার করে যা সেই প্রজন্মের কাছে পরিচিত যাদের পিতামাতারা আমেরিকান রিভোলিউশনের সময় বেঁচে ছিলেন এবং যারা ডিক্লেরেশন অফ ইন্ডিপেন্ডেন্স মনে রেখেছিলেন, 1848 সালের সেনেকা ফলস কনভেনশনের মহিলারা সিদ্ধান্ত নেন, অন্যান্য অবিচারের মধ্যে, "যে সকল আইনগুলি ... তাদের পুরুষদের থেকে নিকৃষ্ট অবস্থানে স্থাপন করে তা প্রকৃতির মহান অনুশাসনের পরিপন্থী এবং তাই তার কোন শক্তি বা কর্তৃত্ব নেই।"

যেকোনো গণতন্ত্রে মানুষ এবং তারা যাদের উপর কর্তৃত্ব অর্পন করেন, তাদের মধ্যে একটি প্রয়োজনীয় আদান-প্রদান হল ভোটাধিকার যা 1860 এর দশকে পুরুষদের সাথে সমতার এক শক্তিশালী প্রতীক এবং তার সাথে সংস্কারের একটি সরঞ্জাম, উভয় হিসেবে উদিত হয়। ভোট প্রদান হয়ে উঠল এক অপরিহার্য রাজনৈতিক উপযোগ যার দ্বারা মহিলারা তাদের অবস্থানে অন্যান্য উন্নয়ন অর্জন করতে পারবেন। প্রথম প্রজন্মের ভোট প্রদানকারীদের যুক্তি ছিল মহিলারা যদি ভোট দিতে পারেন, তাহলে তারা রাজ্য স্তরের বাঁধাগুলি শেষ করতে পারবেন যা বিবাহিত মহিলাদের তাদের মজুরি নিয়ন্ত্রণ করতে এবং রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে যোগদান করা থেকে প্রতিরোধ করত। তাদের গৃহের নৈতিক অভিভাবক হিসেবে স্বীকৃত অবস্থানের কথা বিবেচনা করে, মহিলারা যদি ভোট দিতে পারতেন, তারা আমেরিকান রাজনীতির দুর্নীতিগ্রস্ত অনুশীলনগুলির সংস্কার করতেন। মহিলারা যদি ভোট দিতে পারতেন তারা অসম বেতন প্রদান বন্ধ করতেন। . . .

উৎস: Jean H. Baker, ed., Introduction to *Votes For Women: The Struggle for Suffrage Revisited,* Oxford University Press, 2002

31 জিন এইচ. বেকারের (Jean H. Baker) কথা অনুযায়ী, ***একটি*** ঐতিহাসিক পরিস্থিতি কী ছিল যার জন্য মহিলারা ভোট দেওয়ার অধিকারের জন্য অগ্রসর হন? [1]

Score

## নথি 2a

1900 দশকের গোড়ার দিকে ওয়াশিংটন DC-তে তার মায়ের সাথে সভায় উপস্থিত হওয়ার সময় লুসি হ্যাস্লার (Lucy Haessler) ভোটাধিকার আন্দোলন সম্পর্কে জানতে পারেন।

> . . . ভোটাধিকারের দাবীদারদের একটি বড় প্রধান দপ্তর ছিল ডাউনটাউন ওয়াশিংটনে, সুপ্রিম কোর্টের ভবনের প্রায় উল্টো দিকে। আমার মা আমাকে শনিবার করে সেখানে নিয়ে যেতেন যখন তিনি চিঠিপত্র সামলাবার জন্য সাহায্য করতে স্বেচ্ছাসেবা প্রদান করতেন। আমার মনে আছে আমি চিঠি ভাঁজ করে, খামগুলিতে লালা লাগিয়ে এবং আরো অনেক রকম কাজ করে সাহায্য করতাম। ভোটাধিকার আন্দোলনের মেরুদণ্ডটি গঠিত ছিল সচ্ছল, মধ্যবিত্ত মহিলাদের দ্বারা যারা রিপাবলিকান এবং ডেমোক্র্যাট, উভয়ই ছিলেন। খুব বেশি শ্রমিক শ্রেণীর মহিলারা এই আন্দোলনে জড়িত ছিলেন না। তাদের বেশির ভাগ কাজ করতে বড় বেশি ব্যস্ত ছিলেন জড়িত হওয়ার চেয়ে। ভোটাধিকারের দাবিদাররা পিকেট, কুচকাওয়াজ এবং সমাবেশ সংগঠিত করতেন। ব্রিটিশ মহিলারা তাদের ভোটাধিকারের জন্য লড়াইয়ে যে সহিংসতার সম্মুখীন হচ্ছিলেন তার সাথে এর কোন তুলনাই চলে না। ওই মহিলাদের গ্রেফতার করা হচ্ছিল, মারা এবং কারাবাসে পাঠানো হচ্ছিল। এখানে সে রকম কিছু হয়নি, কিন্তু প্রচুর উত্তেজনার সৃষ্টি হয়েছিল। . . .

উৎস: Peter Jennings and Todd Brewster, *The Century*, Doubleday, 1998

## নথি 2b

**প্রথম পিকেট লাইন: পিকেট লাইনে কলেজ ডে, ফেব্রুয়ারি 1917**




উৎস: Library of Congress (অভিযোজিত)

32 এই নথিগুলির উপর ভিত্তি করে বলুন, ভোটাধিকারের দাবিদারেরা মহিলাদের ভোটাধিকারের জন্য সমর্থন অর্জন করার উদ্দেশ্যে কোন ***একটি*** প্রচেষ্টা করেছিলেন? [1]

Score

**নথি 3a**

বহু পুরুষেরা ভোটাধিকার আন্দোলন-বিরোধীদের যুক্তির প্রতি আগ্রহ প্রকাশ করেন।




উৎস: Library of Congress, ca. 1911

## নথি 3b-তে অগ্রসর হন ⇨

**নথি 3b**

মহিলাদের ভোটাধিকারের আন্দোলনের সূচনা থেকে শুরু করে 1920 সালে উনিশতম সংশোধনীর সমর্থন পর্যন্ত এমন মহিলা ও পুরুষ ছিলেন যারা প্রবলভাবে এর বিরোধিতা করেছিলেন। ভোটাধিকার বিরোধী ব্যক্তি এবং গোষ্ঠী বহু কারণে মহিলাদের স্বাধীনতাকে বাধা দেন। 1860 এবং 1870 এর দশকের প্রারম্ভিক ভোটাধিকার বিরোধীরা মূলত চিন্তিত ছিলেন যে ব্যালট মহিলাদের গার্হস্থ্য এবং মাতৃসূলভ ভূমিকাকে বিঘ্নিত করবে এবং পরিবারে অসঙ্গতির কারণ হবে। এই যুগের একজন সব চেয়ে প্রভাবশালী মহিলাদের ভোটাধিকারের বিরোধী, হোরেস গ্রিলি, জোর দিয়ে বলেন যে মহিলাদের এক বিশাল সংখ্যাগুরু অংশের ভোট বা রাজনীতিতে কোন আগ্রহ নেই। 1871 সালে, সংরক্ষণশীল গার্হস্থ্য কতৃপক্ষ ক্যাথারিন বিচার এবং জেনারেল উইলিয়াম শেরম্যান এবং অ্যাডমিরাল জন ডাল্গ্রেনের স্ত্রীরা কংগ্রেসে 1,000 জন মহিলার স্বাক্ষর সহ একটি পিটিশন প্রদান করেন যা কংগ্রেসকে এমন আইন প্রবর্তন করা থেকে বিরত [নিবৃত্ত] থাকতে অনুরোধ করে যা মহিলাদের ভোটাধিকার প্রদান করে। *উওমেন্স সাফ্রেজ অ্যান্ড উওম্যান'স প্রফেশন* (*Woman Suffrage and Woman's Profession*) নামক তার বইয়ে বিচার দাবি করেন যে যদি মহিলাদের ভোট দেওয়ার অধিকার প্রদান করা হয়, বেশি ভাগই তাকে এক বিহ্বলকারী বোঝা মনে করবেন যা তাদের গার্হস্থ্য দায়িত্ব পালনে গাফিলতির কারণ হবে। . . .

অন্যান্য প্রারম্ভিক যুক্তিসমূহ যা মহিলাদের ভোটাধিকারের আন্দোলনের পুরো সময় জুড়ে অবিরত ছিল, তার মধ্যে ছিল নিম্নলিখিতগুলি:

- মহিলাদের ইতোমধ্যেই সেই সকল অধিকার আছে যা তাদের প্রয়োজন;
- ব্যালট মহিলাদের অবনতি ঘটাবে রাজনীতির "নোংরা", দুর্নীতিগ্রস্ত দুনিয়ায় তাদের মেলামেশার কারণ ঘটিয়ে;
- মহিলাদের ভোটের প্রয়োজন নেই কারণ তাদের স্বামীরা ইতোমধ্যেই মহিলাদের স্বার্থের জন্য যা সেরা, তার জন্য ভোট প্রদান করেন; এবং
- মহিলাদের যখন অধিকার থাকে তখন তারা ভোট দেন না (একটি যুক্তি যার ভিত্তি যে সব রাজ্যে মহিলাদের ইতোমধ্যেই ভোটাধিকার আছে সেখানে কিছু মিউনিসিপাল নির্বাচনে ভোট প্রদানকারীদের সংখ্যা মাঝে মধ্যে কম হয়)। . . .

উৎস: Judith E. Harper, *Susan B. Anthony: A Biographical Companion,* ABC-CLIO Biographical Companion (অভিযোজিত)

33 নথি 3a এবং 3b-র উপর ভিত্তি করে মহিলাদের ভোটাধিকার অর্জনের প্রচেষ্টার বিরোধিতা করার ***একটি*** কারণ ব্যক্ত করুন। [1]

Score

## নথি 4

. . . কিন্তু এতে আমাদের প্রতারিত হওয়া উচিত নয়; এই লড়াই সমতার যে কোনো লড়াইয়ের মতই গুরুত্ব সহকারে লড়া হয়, এবং আমরা এই কথা বিবেচনা করলে ভালো করব কীভাবে মহিলারা সেই কাজ করতে পেরেছেন যা পুরুষরাও এমনকি খুব কম চেষ্টা করেছেন, সমাজকে এক ইতিবাচক এবং স্থায়ীভাবে পরিবর্তিত করা কোন হিংসা বা মৃত্যু ছাড়া। . . .

যেমন এখন-বিখ্যাত নাগরিক অধিকার আন্দোলনের মত, মহিলাদের ভোটাধিকার সাধারণ নাগরিকদের সাম্প্রতিক এবং দরকারি অভিজ্ঞতা নথিভুক্ত করে যারা তাদের নিজেদের অধিকারের জন্য লড়াই করতে বাধ্য হন প্রবল বাধা এবং সামাজিক অসমতার বিরুদ্ধে।

এখানে রাজনৈতিক নেতৃত্ব, মহিলা আয়োজক এবং প্রশাসক, সক্রিয় আন্দোলনকারী এবং লবিইস্টদের মডেলদের পাওয়া যায়। এখানে আছে প্রথম মহিলা আইনজীবী এবং ডাক্তার এবং মন্ত্রী, প্রথম মহিলা প্রার্থী, প্রথম পদাধিকারী। এখানে আছে কৃতিত্ব অর্জনের কাহিনী, উদ্ভাবক কৌশল এবং অবিশ্বাস্য কার্যপ্রণালী প্রতিদ্বন্দ্বীদের বোকা বানাতে যা কাজে লাগানো হয় এবং সীমিত সংস্থানের সর্বাধিক সুবিধা নেওয়া। এখানে আছে আমাদের জাতীয় জীবনে মহিলাদের নতুন সংজ্ঞা এবং চিত্র যা অতীতের আরো নিখুঁত ছবি প্রদান করে এবং যা আমেরিকান মহিলাদের সাথে আজ যেভাবে আচরণ করা হয় তা বোঝাতে সাহায্য করে। . . .

ভোটাধিকার আন্দোলন আমেরিকান রাজনৈতিক জীবনে মহিলাদের উত্থানের একটি অনন্য জানালা প্রদান করে। এখানে সেই সময়ের বুদ্ধিমতি, সক্রিয়, রাজনৈতিকভাবে বিন্যস্ত মহিলারা, যাদের সরাসরি জাতীয় রাজনীতিতে অংশগ্রহণ করার সুযোগ থেকে বঞ্চিত করা হয়, যান। তারা তাদের শক্তিকে সরাসরি সামাজিক সমস্যাগুলিকে আক্রমণ করতে কাজে লাগান এবং নিজেদের মধ্যে সংগঠিত হন, স্থানীয় এবং জাতীয়ভাবে, তাদের নিজেদের অধিকারের জন্য। . . .

উৎস: Robert Cooney, "Taking a New Look at the Woman Suffrage Movement," in *The Feminist Movement,* Nick Treanor, ed., Greenhaven Press, 2002

34 রবার্ট কুনির (Robert Cooney) কথা অনুযায়ী, মহিলাদের ভোটাধিকার অর্জনের প্রচেষ্টার ***একটি*** প্রভাব কী? [1]

________________________________________________

________________________________________________

Score

**নথি 5**

. . . মহিলাদের ভোটাধিকারের আন্দোলনের শিক্ষাগুলি পরের দিকের আমেরিকান সামাজিক ন্যায়বিচার এবং অ্যাডভোকেসি [জনস্বার্থ] আন্দোলনগুলিকে গভীরভাবে প্রভাবিত করে। ভোটাধিকারের আন্দোলনকারীদের তৈরি করা লবি, জনসংযোগ এবং তৃণমূল স্তরে সাংগঠনিক কৌশল, এবং তার সাথে তাদের অহিংস প্রতিবাদের ব্যবহার এবং নাগরিক অমান্যতা, মধ্য শতাব্দীর আফ্রিকান আমেরিকান নাগরিক অধিকারের আন্দোলনকারীদের, ভিয়েতনাম বিরোধী যুদ্ধ প্রতিবাদীদের দলগুলির এবং সমকামী অধিকারের আন্দোলনকারীদের জন্য এক মডেল হিসেবে রয়েছিল। সন্দেহ নেই ভবিষ্যৎ আরো কারণ নিয়ে আসবে, আমেরিকান গণতন্ত্রের আরো প্রয়োজনীয় মেরামতের কারণ উপস্থাপন করবে, এবং আবেগপূর্ণ নাগরিক আন্দোলনের প্রয়োজন সামনে আনবে। . . .

উৎস: Elaine Weiss, *The Woman's Hour: The Great Fight to Win the Vote,* Viking, 2018

35 এলেইন ওয়েইসের (Elaine Weiss) কথা অনুযায়ী, মহিলাদের ভোটাধিকার অর্জনের প্রচেষ্টার ***একটি*** প্রভাব কী? [1]

Score

**********************************************************


**নথি 6a**

জিনেট রেঙ্কিন ইতিহাস তৈরি করেন 100 বছর আগে এই বছরে [1917] যখন তিনি কংগ্রেসের প্রথম মহিলা সদস্য হিসেবে পদে আসীন হন। "আমি কংগ্রেসের প্রথম মহিলা সদস্য হতে পারি, কিন্তু আমিই শেষ হব না," মন্টানার এই রিপাবলিকান ভবিষ্যদ্বাণী করেন আগের বছর মার্কিন যুক্তরাষ্ট্রের হাউজের নির্বাচনে জেতার পরে।

রেঙ্কিন সঠিক ছিলেন: কংগ্রেসের একজন সদস্য হিসেবে তার পরিষেবা শুরু করার শতাব্দীতে শত শত মহিলা তার পদক্ষেপ অনুসরণ করেছেন। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রের সমস্ত বড় রাজনৈতিক পদে এবং শীর্ষ ব্যবসায়িক নেতৃত্বের পদে মহিলারা প্রতিনিধিত্ব এখনও অপর্যাপ্ত। . . .

উৎস: Anna Brown, "Despite gains, women remain underrepresented among U.S. political and business leaders," Pew Research Center, March 20, 2017 (অভিযোজিত)

## নথি 6b




উৎস: Pew Research Center (অভিযোজিত)

36 নথি 6a এবং 6b এর উপর ভিত্তি করে, মহিলাদের ভোটাধিকার অর্জনের ***একটি*** প্রভাব কী? [1]

Score

**অংশ B**
**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা ধরনের প্রশ্ন (37)**

*নির্দেশনা:* একটি ভালোভাবে সংগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার রয়েছে। রচনাটিতে *অন্তত* ***চারটি*** নথি থেকে প্রমাণ ব্যবহার করুন। প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ, এবং বিশদ তথ্য দিয়ে আপনার প্রতিক্রিয়া সমর্থন করুন। অতিরিক্ত বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করুন।

**ঐতিহাসিক প্রসঙ্গ: গণতন্ত্রের সম্প্রসারণ—মহিলাদের ভোটাধিকার**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক এবং নাগরিক বিষয় নিয়ে বিতর্ক করেছেন আমেরিকানরা। এই বিতর্কের ফলে ব্যক্তি, গোষ্ঠি, এবং সরকার এই বিষয়গুলির মোকাবিলা করার চেষ্টা করেছেন। এই প্রচেষ্টাগুলি সাফল্যের বিভিন্ন মাত্রা অর্জন করেছে। এগুলির মধ্যে একটি সাংবিধানিক এবং নাগরিক বিষয় হল *মহিলাদের ভোটাধিকার*।

**কাজ:** নথিগুলি থেকে তথ্য এবং ব্যবহার করে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে জ্ঞান ব্যবহার করে, একটি রচনা লিখুন যাতে আপনি

- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের সাথে জড়িত ঐতিহাসিক পরিস্থিতির বর্ণনা করুন
- এই সাংবিধানিক বা নাগরিক বিষয়ের মোকাবিলা করার জন্য ব্যক্তি, দল, এবং/অথবা সরকারের প্রচেষ্টাগুলির ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজের উপর এই প্রচেষ্টাগুলির প্রভাব আলোচনা করুন

**নির্দেশিকা:**

**আপনার রচনায় অবশ্যই**

- কাজটির সকল দিক বিকাশ করবেন
- এই বিষয়ের মোকাবিলা করার জন্য *অন্তত* ***দু'টি*** প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- *অন্তত* ***চারটি*** নথি থেকে তথ্য অন্তর্ভুক্ত করুন
- প্রাসঙ্গিক বহিরাগত তথ্য অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ, এবং বিশদ তথ্য দিয়ে মূলভাবটি সমর্থন করুন
- সংগঠিত করার জন্য একটি যুক্তিসম্মত এবং স্পষ্ট পরিকল্পনা ব্যবহার করুন, একটি ভূমিকা এবং একটি উপসংহার সহ যা মূলভাব পুনঃব্যক্ত করাকে ছাড়িয়ে যায়

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT (FRAMEWORK) BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT (FRAMEWORK) BENGALI EDITION